'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Major 1st Semester Examination, 2024

## BANGMAJ101-BENGALI

### বাংলা সাহিত্যের ইতিহাস [প্রাচীন ও মধ্যযুগ : সংক্ষিপ্ত পরিচয়]

Time Allotted: 2 Hours 30 Minutes | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***ছয়টি*** প্রশ্নের উত্তর দাওঃ ২×৬ = ১২

(ক) চর্যাপদে মোট কয়জন কবির পদ পাওয়া যায় ও তিনজন কবির নাম লেখো।

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসের প্রাচীন যুগের দু'টি সংকলন গ্রন্থের নাম লেখো।

(গ) কোন মঙ্গলকাব্যকে 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' বলা হয় ? এই মঙ্গলকাব্যের জনপ্রিয় কবির নাম কী ?

(ঘ) চৈতন্যদেবের জন্ম ও মৃত্যুসাল উল্লেখ করো।

(ঙ) মালাধর বসু কী অনুবাদ করেছিলেন ? তাঁকে গৌড়েশ্বর কী উপাধি দিয়েছিলেন ?

(চ) 'অন্নদামঙ্গল' কাব্যের রচয়িতার নাম উল্লেখ করো। এই গ্রন্থটির রচনাকাল লেখো।

(ছ) কৃষ্ণদাস কবিরাজ রচিত চৈতন্যজীবনী গ্রন্থের নাম লেখো। গ্রন্থটি কোন শতাব্দীতে রচিত হয় ?

(জ) 'মা আমায় ঘুরাবি কত' — পদটি কার লেখা ? এটি কোন পর্যায়ের পদ ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) চর্যাপদ কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন ?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য কোন সময়ের রচনা বলে অনুমান করা হয় ? এই কাব্যের অন্য কী নাম পাওয়া যায় ? কাব্যটি কে রচনা করেন ?

(গ) কাশীরাম দাস কোন সময়ে মহাভারত অনুবাদ করেছিলেন ? তিনি মহাভারতের কয়টি পর্ব অনুবাদ করেছিলেন বলে মনে করা হয় ? মহাভারতের বাকি অংশ কে অনুবাদ করেছিলেন বলে অনুমান করা হয় ?

(ঘ) কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী কোন গ্রামে বসবাস করতেন ? সেখানে তাঁর জীবিকা কী ছিল ? তাঁর চণ্ডীমঙ্গল কাব্যের নাম কী ?

(ঙ) 'অভিসার' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে ? তিনি কোন শতাব্দীর কবি ছিলেন ? তাঁর রচিত একটি অভিসার পর্যায়ের পদের প্রথম পংক্তি লেখো।

(চ) কবি আলাওলের কাব্যগুলির নাম ও রচনাকাল উল্লেখ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×২ = ১২

(ক) চণ্ডীমঙ্গল কাব্যের প্রথম কবি কে ? তাঁর কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) টীকা লেখোঃ কবীন্দ্র পরমেশ্বর।

(গ) ধর্মমঙ্গলের দুইটি পালা কী কী ? যে-কোনো একটি পালার কাহিনির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) শাক্ত পদাবলীর আগমনী-বিজয়া পর্যায়ে মেনকার মাতৃহৃদয়ের পরিচয় দাও।

৪। নিম্নলিখিত যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) 'অন্নদামঙ্গল' কাব্যের আধুনিকতা বিচার করো।

(খ) কবি কৃত্তিবাস ওঝা রচিত কাব্যের নাম কী ? তাঁর কবি প্রতিভার পরিচয় দাও।

(গ) বাংলা সাহিত্য ও সংস্কৃতিতে চৈতন্যদেবের প্রভাব আলোচনা করো।

(ঘ) বৈষ্ণব কবি বিদ্যাপতির প্রার্থনা ও নিবেদন পর্যায়ের পদগুলির কাব্যসৌন্দর্য বিচার করো।

——×——